



ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

চৌকুন্দি
ক্ষেত্র

- বিদেশগামী কর্মীদের সংশ্লিষ্ট দেশের আইন-কানুন, রীতিনীতি, ভাষা, আবহাওয়া-পরিবেশ, অধিকার-কর্তব্য ইত্যাদি সম্পর্কে প্রাক-বহির্গমন ত্রিফিং প্রদান;
- বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীদের নিরাপদে বিদেশ গমন ও প্রত্যাবর্তনে সহায়তা প্রদান;
- প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান;
- প্রবাসী কর্মীর সন্তানদের স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে ভর্তি সহায়তা প্রদান;
- প্রবাসে কর্মীর সন্তানদের জন্য বাংলাদেশ কমিউনিটি পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় আর্থিক সহায়তা;
- বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইংসের মাধ্যমে কর্মীদের আইনগত সহায়তা প্রদান;
- প্রবাসে আটক কর্মীদের মুক্তকরণসহ দেশে ফেরত আনয়ন;
- আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের দেশে ফেরত আনয়ন ও চিকিৎসার্থে ১ লক্ষ টাকা আর্থিক সাহায্য প্রদান;
- প্রবাসে বিপদগ্রস্ত নারী কর্মীদের আশ্রয় প্রদানের জন্য সেইফ হোম স্থাপন ও পরিচালনা;
- প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন;
- বিদেশ ফেরত অসুস্থ ও মৃত কর্মীদের পরিবহনের জন্য বিমানবন্দর হতে এ্যাম্বুলেন্স সেবা প্রদান;
- বিমানবন্দর হতে মৃতের স্বজনদের নিকট মৃতদেহ হস্তান্তরের সময় মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫ হাজার টাকার চেক প্রদান;
- বৈধভাবে বিদেশ গমনকারী মৃত কর্মীর পরিবারকে ৩ লক্ষ টাকা করে আর্থিক অনুদান প্রদান;
- প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ইন্সুরেন্স/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট আদায় এবং ওয়ারিশদের নিকট বিতরণ;
- প্রবাসী কর্মীর সম্পদ রক্ষা এবং নানাবিধ অসুবিধা দূরীকরণে স্থানীয় প্রশাসনের মাধ্যমে সহায়তা;
- প্রবাসী কর্মী এবং তাদের পরিবারকে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং জেলা প্রশাসকের কার্যালয়ের প্রবাসী কল্যাণ শাখার মাধ্যমে সেবা প্রদান; এবং
- হেল্পডেক্স (০১৭৮৪৩৩৩০৩০, ০১৭৯৪৩৩৩০৩০, ০২-৯৩০৪৮৮৮) এর মাধ্যমে প্রবাসী কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের সমস্যা সমাধান।

বিঃ দ্রঃ: বিদেশে বসবাসরত অনাবাসী বাংলাদেশ (ডায়াসপোরা) এবং বহির্গমন ছাড়পত্র ছাড়া বিদেশ গমনকারী কর্মীদের সংশ্লিষ্ট বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে নির্ধারিত কল্যাণ ফি প্রদান সাপেক্ষে কল্যাণ বোর্ডের সদস্যপদ প্রদান করা হচ্ছে। এর ফলে তারা কল্যাণ বোর্ড প্রদত্ত সকল ধরনের সুযোগ সুবিধা প্রাপ্ত হবেন।

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, ঢাকা।

w w w . w e w b . g o v . b d